# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 10 May, 2025

আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে শাহবাগে চলমান আন্দোলন আজ শনিবার সকাল পর্যন্ত বিরতি ঘোষণা দেওয়া হয়েছে। তবে বিরতির এ সময়ে শাহবাগেই ঘুমিয়ে পড়েন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ।

এর আগে শুক্রবার দিবাগত রাত সাড়ে ৩টায় আন্দোলনে বিরতির কথা জানান ইনকিলাব মঞ্চের আহ্বায়ক ওসমান সাদী। তিনি বলেন, 'আওয়ামী লীগকে নিষিদ্ধ না দেখে আমরা রাজপথ ছাড়ব না। সকাল ৬টা পর্যন্ত সাময়িক কর্মসূচি বন্ধ থাকবে। সকাল থেকে আবারও শুরু হবে।

এ সময় কর্মসূচিতে বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতারাও অংশগ্রহণ করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন ইনকিলাব মঞ্চের আহ্বায়ক।

জানা গেছে, আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে আন্দোলনের বিরতির ঘোষণার পর যে যার মতো চলে যান।অনেকেই সেখানেই শুয়ে পড়েন। কেউ কেউ আড্ডা দেন।তবে এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ সেখানেই ঘুমিয়ে পড়েন।

তবে আন্দোলন বিরতি ঘোষণার আগ পর্যন্ত প্রায় দুই ঘণ্টাবাপী বড় প্রজেক্টেরের মাধ্যমে পিলখানা ও শাপলা চত্বর হত্যাকাণ্ড, জুলাই বিপ্লব, আয়নাঘরের লোমহর্ষক ঘটনা ও মহানগর ডিবি প্রধান হারুন অর রশীদের 'ভাতের হোটেল' নিয়ে বিশেষ ডকুমেন্টারি প্রদর্শন করা হয় ফাঁকে ফাঁকে চলে বিপ্লবী গান, কবিতা ও স্লোগান।

শনিবার সারাদেশে এক দফা দাবিতে সর্বস্তরের মানুষের পাশাপাশি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও মাঠে নামবেন বলে জানা গেছে।

প্রসঙ্গত, আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে বুধবার (৮ মে) রাত ১০টায় প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার সামনে অবস্থান নিয়ে প্রথমে আন্দোলন শুরু করেন জাতীয় নাগরিক পার্টির নেতাকর্মীরা। পরে জামায়াত-শিবির, হেফাজতে ইসলাম, গণঅধিকার পরিষদ, আমার বাংলাদেশ (এবি) পার্টিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী ও সাধারণ ছাত্র-জনতা তাদের সঙ্গে একাত্মতা পোষণ করেন।

শুক্রবার বাদ জুমা সেখানে সমাবেশ শেষে বিকেল ৪টার পর থেকে শাহবাগ মোড়ে অবস্থান নেন তারা।

আন্দোলন শাহবাগ জাতীয় নাগরিক পার্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:07

URL: https://www.timestodaybd.com/public/national/2214113752